

পূর্বরাগ

সখিরে! মরমে পরশে তারি গান,
অধীর আকুল করে প্রাণ;
জ্যোছনা উছলি ওঠে, মলয়া মূরছি' পড়ে,
কুঞ্জে কুঞ্জে ফুল ফুটে ওঠে, থরে থরে,
বিশ্ব-বিমোহান তান।
আঁখি জলে হাসি মাখা, কি করুন বেদনা!
হেসে কেঁদে, নেচে নেচে বলে, আর কেঁদো না;
হৃদয় দিয়েছি প্রতিদান।